বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ডাকবাক্স নং ৩২৫
ঢাকা।
www.bangladeshbank.org.bd

(৫০০৮০)
তারবাতাঃ
বাংলা ব্যাংক
দুরালাপনীঃ ৭১২৬১০১-২০

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং - ০১

তারিখ ঃ ২৭ ভাদ্র ১৪২০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০১৩ খ্রীস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**বিষয়ঃ দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী এসএমই উদ্যোক্তাগণকে স্বল্প সুদে ঋণ বিতরণের লক্ষ্যে স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম ”বাংলাদেশ ব্যাংক ফান্ড” এর নীতিমালায় কতিপয় সংশোধন/সংযোজন প্রসঙ্গে।**

অত্র বিভাগ কর্তৃক ০৪/০৯/২০১১ তারিখে জারিকৃত সার্কুলার নং এসএমইএসপিডি সার্কুলার নং - ০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে। উক্ত সার্কুলারের আওতায় স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম ”বাংলাদেশ ব্যাংক ফান্ড” এর নীতিমালায় নিম্নবর্ণিত সংযোজন/সংশোধন আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

০৮। দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী এসএমই উদ্যোক্তাগণকে ১০% (ব্যাংক রেট + ৫%) সুদ হারে প্রদানকৃত ঋণের বিপরীতে উক্ত ফান্ডের আওতায় তহবিল পর্যাপ্ততা সাপেক্ষে ১০০% পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।

০৯। দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী এসএমই উদ্যোক্তাগণের ক্ষেত্রে পুনঃঅর্থায়নের সীমা সর্বনিম্ন ১০.০০ (দশ) হাজার টাকা থেকে সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত নির্ধারণ করা হল।

১০। প্রতিবন্ধীদেরকে ঋণ প্রদানের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ ব্যাংক এর বিদ্যমান নীতিমালা অনুসরণ করতে হবে।

”বাংলাদেশ ব্যাংক ফান্ড” এর অন্যান্য প্রচলিত নীতিমালা অপরিবর্তিত থাকবে।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(সুকোমল সিংহ চৌধুরী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫১১৩২০